


১৮৬০ সালের সোসাইটিজ রেজিস্ট্রেশন আইনের অধীনে  
“গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম”

এর  
সংঘ স্মারক

স্ট্যাম্প, কোর্টফি ও  
গুরু নগদায়িত

- ক) নামঃ “গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম”।
- খ) রেজিস্ট্রার কার্যালয় ও শাখা সমূহঃ ফোরামের রেজিস্ট্রার কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে। প্রয়োজনবোধে কার্যকরী পরিষদের অনুমোদনক্রমে দেশের অন্যান্য স্থানেও শাখা অফিস স্থাপন করা যাইতে পারে।
- গ) কর্ম এলাকাঃ সমগ্র বাংলাদেশ ব্যাপী।
- ঘ) ফোরামের লক্ষ্য, উদ্দেশ্য ও কর্মসূচীঃ
- (১) ফোরামের সদস্যবর্গের মধ্যে ঐক্য, সংহতি সৃষ্টি, সদস্যবর্গের অভিন্ন স্বার্থ, অধিকার ও সুবিধাদি সংরক্ষণ এবং ন্যায় ও আইন সংগত মর্যাদা রক্ষার ব্যবস্থা করা।
  - (২) আইন অনুযায়ী যে কোন সদস্যের চাকুরী সংক্রান্ত দাবীসমূহ ন্যায়নীতি, ন্যায় অধিকার ও সহমর্মিতার ভিত্তিতে প্রতিষ্ঠা ও সংরক্ষণের জন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করা।
  - (৩) সরকারি অফিস-আদালতের সকল কার্যক্রম কম্পিউটারায়নের জন্য কম্পিউটার ব্যবহারের সুফল সরকারের কাছে তুলিয়া ধরা।
  - (৪) বাংলাদেশ সিভিল সার্ভিস (আইসিটি) সার্ভিস প্রবর্তনের গুরুত্ব সরকারের কাছে তুলিয়া ধরা এবং উক্ত সার্ভিস প্রবর্তিত হইলে উহার সদস্যদের অধিকার সংরক্ষণে ভূমিকা গ্রহণ করা।
  - (৫) বাংলাদেশে কম্পিউটার বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিদ্যার সর্বাঙ্গিক উন্নতি সাধনে কাজ করা।
  - (৬) জাতীয় সমস্যা সমাধানে কম্পিউটারের অবদান সরকার ও জনসমক্ষে যথাযোগ্যভাবে তুলিয়া ধরা এবং কম্পিউটার ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করা।
  - (৭) কম্পিউটার বিষয়ক আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রদর্শনী, শিক্ষামূলক ভ্রমণ, প্রকাশনা ইত্যাদি আয়োজন করা।
  - (৮) জাতীয় স্বার্থে কম্পিউটার বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিদ্যার উন্নয়নকল্পে সরকারের গৃহীত পদক্ষেপে প্রতিনিধিত্ব করা।
  - (৯) ফোরামের জন্য একটি অফিস, পাঠাগার, খেলাধুলার ব্যবস্থাকল্পে জমি/প্লট সংগ্রহ/ক্রয়, বাড়ী নির্মাণ বা বাড়ী ভাড়া করা।
  - (১০) দেশে কম্পিউটার পেশাজীবীর চাহিদা পূরণ এবং দক্ষতা বৃদ্ধির জন্য কম্পিউটার বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা।
  - (১১) কম্পিউটার বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পেশার সহিত সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনসমূহের কার্যক্রমে অংশ গ্রহণ করা এবং পেশাগত লব্ধ জ্ঞান বিনিময় করা।
  - (১২) বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে চাঁদা, দান, সরকারি ও বেসরকারি অর্থ মঞ্জুরী, প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি মারফত অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও ব্যয় করা ও হিসাব রাখা।



(আব্দুর রাক্কাত হাওদাদার)  
সংসদী রেজিস্ট্রার  
জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড কার্পস  
বাণিজ্য মন্ত্রণালয়  
ঢাকা  
পাইক

